গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৪৮.১৬(অংশ-১)- ৫৮০

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

বিষয়: নাটোর জেলার নলডাঙ্গা পৌরসভার পুরাতন পৌরভবনের তফসিলভুক্ত ভূমিতে অনুমোদিত নতুন পৌরভবন নির্মাণে এলজিইডি কর্তৃক প্রস্তুতকৃত/যাচাইকৃত ড্রইং, ডিজাইন এবং সংশোধিত প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: (১) নলডাঙ্গা পৌরসভা কার্যালয়ের পত্র নং-৬৭, তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি.
(২) এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৫২.১৯-২৫৯৩, তারিখ: ১৩/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নাটোর জেলার নলডাঙ্গা পৌরসভার পুরাতন পৌরভবনের তফসিলভুক্ত অনুমোদিত ভূমিতে নতুন পৌরভবন নির্মাণের নিমিত্ত এলজিইডি'র যাচাই/সংশোধনকৃত ড্রইং, ডিজাইন ও ৮,২৭,২৪,০৯৩.০০ (আট কোটি সাতাশ লক্ষ চব্বিশ হাজার তেরানব্বই) টাকার সংশোধিত প্রাক্কলনটি নির্দেশক্রমে অনুমোদন করা হলো এবং নাটোর জেলার নলডাঙ্গা পৌরসভার পুরাতন পৌরভবনের তফসিলভুক্ত অনুমোদিত ভূমিতে নিম্নোক্ত শর্তে নতুন পৌরভবন নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(১) পিপিআর, ২০০৮, পিপিআর, ২০২৫ এবং এ সংক্রান্ত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
(২) অনুমোদিত ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
(৩) কাজের অগ্রগতির উপর ভিত্তি করে পর্যায়ক্রমে অর্থ প্রদান করা হবে।
(৪) পূর্ত কাজে ব্যবহৃত নির্মাণ সমগ্রীর গুণগতমান সংশ্লিষ্ট জেলা বা পার্শ্ববর্তী জেলার এলজিইডির ল্যাবরেটরিতে পরীক্ষাপূর্বক তার ফলাফলের ভিত্তিতে নির্মাণ সামগ্রী ব্যবহারের পূর্বে লিখিত অনুমোদনের বিষয়টি নিশ্চিত করাসহ সংশ্লিষ্ট নথিতে এর রেকর্ড সংরক্ষণ করতে হবে।
(৫) নির্মাণ কাজের গুণগতমান নিয়ন্ত্রণের স্বার্থে স্থাপত্য ও কাঠামোগত নক্সা প্রণয়নকারী প্রতিষ্ঠানের ফুলটাইম সুপারভিশন নিশ্চিত করতে হবে।
(৬) ৮,২৭,২৪,০৯৩.০০ (আট কোটি সাতাশ লক্ষ চব্বিশ হাজার তেরানব্বই) টাকার অতিরিক্ত (৮,২৭,২৪,০৯৩.০০ - ৩,২৪,৩০,৬৪৫.০০) = ৫,০২,৯৩,৪৪৮.০০ (পাঁচ কোটি দুই লক্ষ তিরানব্বই হাজার চারশত আটচল্লিশ) টাকা নলডাঙ্গা পৌরসভার নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।

১০.১২.২৫
(মোঃ মোশারেফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২-২২৩৩৫৫৫৭২
e-mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
নলডাঙ্গা পৌরসভা
নাটোর।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



CamScanner